“আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন বলবেন, ‘আমার মহিমা ও শ্রেষ্ঠত্বের জন্য পরস্পরকে যারা ভালবেসেছিল তারা কোথায়? তাদের জন্য রয়েছে নূরের মিম্বারসমূহ। যার প্রতি নবী ও শহীদগণ আগ্রহ করবে।

মু‘আয ইবন জাবাল রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন বলবেন, ‘আমার মহিমা ও শ্রেষ্ঠত্বের জন্য পরস্পরকে যারা ভালবেসেছিল তারা কোথায়? তাদের জন্য
রয়েছে নূরের মিম্বারসমূহ। যার প্রতি নবী ও শহীদগণ আগ্রহ করবে।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর পক্ষ মুমিনদের একটি জামা‘আত সম্পর্কে সংবাদ দেন যে, কিয়ামতের আল্লাহর পক্ষা থেকে তাদের সম্মানার্থে থাকবে মিম্বারসমূহ এবং উচ্চ স্থান যার ওপর তারা বসবে। কারণ, আল্লাহর রাস্তায় তার সম্মানে তারা একে অপরকে ভালোবেসে ছিল। তারা একে অপরকে ভালোবেসে ঈমানের ভিত্তিতে একত্র হতো। এমনকি নবীগণও আকাঙ্খা করবেন যে, তারা যদি তাদের স্তরে হতেন। তবে এ দ্বারা এ কথা বাধ্য করে না যে, তারা নবীগণের তুলনায় উত্তম। কারণ, বিশেষ ফযীলত সাধারণ ফযীলতের ওপর ফায়সালাকারী হয় না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3508